ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৭৪
খোয়াই, ১৪ আগস্ট, ২০২৫

**হর ঘর তিরঙ্গা কর্মসূচিতে খোয়াইয়ে**
**মানব শৃঙ্খল, তিরঙ্গা বাইক র‍্যালি**

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে জেলাশাসক কার্যালয় প্রাঙ্গণে এক প্রতীকি মানব শৃঙ্খল গঠন করা হয়। একই সঙ্গে জেলাশাসক কার্যালয়ে স্বচ্ছতা অভিযান সংগঠিত করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী ও অভেদানন্দ বৈদ্য, সিনিয়র ডেপুটি কালেক্টর শীর্ষেন্দু দেববর্মা সহ অন্যান্য কর্মকর্তাগণ। এছাড়াও আজ খোয়াই জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে এক বর্ণাঢ্য তিরঙ্গা বাইক র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিটি খোয়াই জেলা পুলিশ সুপার কার্যালয় থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় পুলিস সুপারের কার্যালয়ে এসে শেষ হয়। বাইক র‍্যালিতে উপস্থিত ছিলেন খোয়াই জেলার পুলিশ সুপার রণদত্ত দাস, খোয়াই মহকুমার এসডিপিও ডি কুডিয়া রাসো সহ অন্যান্য পুলিশ কর্মকর্তাগণ।

******